দৈনিক জনকণ্ঠ

তারিখ ... [illegible] ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

# বেসরকারী স্কুল-কলেজ, বিজ্ঞান ক্লাবের বাজেট দ্বিগুণ হচ্ছে

নাজনীন আখতার ॥ বিজ্ঞানে শিক্ষার্থীদের আগ্রহী করার জন্য বেসরকারী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান ও বিজ্ঞান ক্লাবগুলোর বাজেট দ্বিগুণ করা হচ্ছে। আসছে ২০১৬-২০১৭ অর্থবছরে এ খাতে ৫০ লাখ টাকা বাজেট বরাদ্দের প্রস্তাব করা হচ্ছে। চলতি অর্থবছরে যা ২৫ লাখ টাকা। সম্প্রতি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এ তথ্য জানানো হয়। সংসদীয় কমিটি বিজ্ঞানে শিক্ষার্থীদের আগ্রহ কমে যাওয়ার মূল কারণ হিসেবে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে এ খাতে বাজেট অপ্রতুলতা ও সুযোগ-সুবিধার অভাবকেই দায়ী করেছেন। সংসদীয় কমিটি সূত্রে জানা গেছে, গত বছরের ১ ডিসেম্বর অনুষ্ঠিত কমিটির নবম বৈঠকে বাজেট অপ্রতুলতা, ল্যাবরেটরি না থাকাসহ বিভিন্ন সমস্যার বিষয় তুলে ধরে বেসরকারী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান ও বিজ্ঞান ক্লাবগুলোর বাজেট বাড়ানোর জন্য মন্ত্রণালয়কে ব্যবস্থা নেয়ার তাগিদ দেয়া হয়। পরবর্তীতে চলতি বছরের ১৮ জানুয়ারি অনুষ্ঠিত দশম বৈঠকে কমিটিকে বাজেট বাড়ানোর প্রস্তাবের কথা জানায় মন্ত্রণালয়। এ বিষয়ে মন্ত্রণালয়ের প্রতিবেদনে বলা হয়, চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে এ খাতে বরাদ্দ রয়েছে ২৫ লাখ টাকা। আগামী ২০১৬-২০১৭ অর্থবছরে এ খাতে ৫০ লাখ টাকা অর্থাৎ বাজেট বরাদ্দ দ্বিগুণ করার প্রস্তাব রাখা হয়েছে। বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি সাবেক স্বাস্থ্যমন্ত্রী ডাঃ আ ফ ম রুহুল হক।